২.০১

"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড়,
ইস্কাটান গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং- ৪৯.০৪.০০০০.০০৫.০০.১১৬৪.২০১৪.(০৭)-২১২ তারিখ:-১৫ডিসেম্বর,২০২০খ্রিঃ।

বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে কর্মশালা।

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে আগামী ২১ ডিসেম্বর,২০২০তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত স্থান বিজয়'৭১ মিলনায়তন, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটান গার্ডেন, রমনা, ঢাকা) একটি কর্মশালা অনুষ্ঠিত হবে।

২.০ এমতাবস্থায়, উক্ত কর্মশালায় আপনি অথবা আপনার প্রতিষ্ঠান হতে একজন উপযুক্ত প্রতিনিধি উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫.১২.২০২০

(নুরুন আখতার)
যুগ্ম সচিব
পরিচালক (আইআরপি)
ও
সদস্য সচিব, নৈতিকতা কমিটি
ফোন: ০২-৯৩৫২৬১৯
d.irp@wewb.gov.bd

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, ঢাকা।
৫। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৬। উপ-পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। অফিসার ইনচার্জ, আইএলও, প্রোগ্রাম অফিস, লেভেল-৯, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৮। চীফ অফ মিশন, ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (আইওএম), হাইজ-১৩এ, রোড,১৩৬, গুলশান-১, ঢাকা।
৯। প্রোগ্রাম অফিসার, ইউএন, ইউমেন, হাউজ-সিইএস (এ) ১১ এ , রোড-১১৩, গুলশান-২, ঢাকা।
১০। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ঢাকা।
১১। চেয়ারপার্সন, রামরু, ছাত্তার ভবন, (৪র্থ তলা), ১৭৯, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরণী, বিজয়নগর, ঢাকা।
১২। প্রোগ্রাম হেড, মাইগ্রেশন প্রোগ্রাম, ব্র্যাক।
১৩। সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অফ ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সি (বায়রা), ঢাকা।
১৪। নির্বাহী পরিচালক, অভিবাসী কর্মী উন্নয়ন প্রোগ্রাম, সওদাগর গার্ডেন, (৪র্থ তলা), ৪৬৬ নয়াপাড়া, যাত্রাবাড়ী, ঢাকা।
১৫। চেয়ারম্যান, ওয়্যারবি ডেভেলপমেন্ট ফাইন্ডেশন, হাউজ-৩৮১ (৩য় তলা), রোড-৮, নতুন ডিওএইচএস, মহাখালী, ঢাকা।
১৬। চেয়ারম্যান, বাংলাদেশ অভিবাসী অধিকার ফোরাম (বিওএএফ), ঢাকা।
১৭। পরিচালক (মাইগ্রেশন), আওয়াজ ফাইন্ডেশন, ঢাকা।
১৮। পরিচালক, বাংলাদেশ অভিবাসী মহিলা শ্রমিক এসোসিয়েশন (বোমসা), আঞ্জুমান ভবন , ১৩২, দারুস সালাম, ঢাকা।
১৯। প্রাপক.........................................................................

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

১। হিসাব রক্ষণ কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
www.wewb.gov.bd

বিষয়: ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে ২১ ডিসেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এ অন্তভূক্ত অংশীজনের (Stakeholder) অংশ গ্রহনে কর্মশালার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নুরুন আখতার<br>পরিচালক (আইআরপি) |
| তারিখ | : | ২১ ডিসেম্বর, ২০২০খ্রিঃ। |
| সময় | : | ১১.০০-১.০০ টা |
| স্থান | : | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিজয়'৭১ মিলনায়তন কক্ষ। |

সভায় উপস্থিত বিভিন্ন প্রতিষ্ঠান হতে আগত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দ্রষ্টব্য।

২.০ সভাপতি উপস্থিত বিভিন্ন প্রতিষ্ঠান হতে আগত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা,২০২০-২০২১ এর অন্তভূক্ত অংশীজনের (Stakeholders) অংশ গ্রহনের কর্মশালায় আগত প্রতিনিধিগন প্রবাসীদের সেবার মান উন্নয়নের বিষয়ে তাদের অভিমত ব্যক্ত করেন যা নিম্নরুপ:-

| ক্রম | প্রতিষ্ঠানের নাম | আলোচনা |
|---|---|---|
| ১. | ব্র্যাক | ব্র্যাক এর প্রতিনিধি জনাব শরীফুল হাসান তাঁর আলোচনায় অনলাইনের মাধ্যমে ডিজিটালাইজেশন প্রক্রিয়ায় কল্যাণ বোর্ডের সকল কার্যক্রম Root Level-এ পৌঁছানোর ব্যবস্থা করা এবং সেক্ষেত্রে প্রচারণা ও প্রসারের ব্যবস্থা করণের উদ্যোগ গ্রহণ করতে হবে। কল্যাণ বোর্ডের অর্থায়নে বিভিন্ন দেশে স্কুল স্থাপনে বিরোধিতা করেন। প্রবাসী কর্মীদের অর্থায়নে গঠিত এ ফান্ডের অর্থ শুধুমাত্র প্রবাসী কর্মীদের সার্বিক সেবা ও কল্যাণার্থেই ব্যবহারের জন্য সুপারিশ করেন। মৃত কর্মী, অসুস্থ কর্মীদের সেবা প্রদান ছাড়াও সকল প্রবাসী কর্মীদের সেবা প্রদানে কল্যাণ বোর্ড হতে যেন সেবা প্রদান করা যায় সে বিষয়ে সুপারিশ করেণ। |
| ২. | রামরু | রামরু'র প্রতিনিধি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সার্বিক সেবা কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন। তিনি তাঁর আলোচনায় মুজিববর্ষ উপলক্ষ্যে লিফলেট ও হ্যান্ডবিলের মাধ্যমে সাধারণ জনগণকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রমের বিষয়ে অবহিতকরণের নিমিত্তে সকল স্টেকহোল্ডারদেরকে বোর্ড এর সকল কার্যক্রম প্রচার করার জন্য অনুরোধ জানান। এছাড়া ইলেক্ট্রনিক্স ও প্রিন্ট মিডিয়াতে প্রচার-প্রচারনার বিষয়েও অভিমত ব্যক্ত করেন। |
| ৩. | আইওএম | আইওএম এর প্রতিনিধি আলোচনার শুরুতে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রমের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। বিশেষ করে বিদেশগামী কর্মীদের বীমার আওতায় আনয়নের বিষয়ে ভূয়সী প্রশংসা করেন। তিনি তার বক্তব্যে আরো বলেন যে, প্রবাস হতে ফেরত কর্মীদের ডাটাবেজ তৈরীর ক্ষেত্রে তাঁদের প্রতিষ্ঠান সর্বতভাবে সহযোগীতা করছেন এবং ভবিষতেও সহযোগীতার হাত সম্প্রসারণে অঙ্গীকারাবদ্ধ আছেন। এ কার্যক্রম যাতে করে ফলপ্রসু হয় এবং প্রবাস ফেরত কর্মী প্রকৃতপক্ষে সামাজিকভাবে প্রতিষ্ঠা পেতে পারে সেদিকে সজাগ থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানান। |
| ৪. | ওকাপ | ওকাপ এর প্রতিনিধি সাবিরা ফেরদৌসী স্বাপ্না বলেন প্রবাসী কর্মীদের প্রদেয় সেবাসমূহ জাতীয় শিক্ষা কার্যক্রমে অন্তর্ভুক্ত করণের ব্যবস্থা করতে হবে। তিনি আরও বলেন যে, বিমানবন্দরের নিকটবর্তী স্থানে বিদেশ গমন এবং বিদেশ হতে দেশে ফেরত কর্মীদের সাময়িক অবস্থানের লক্ষ্যে শেল্টার হাউজ , ডরমেটরী স্থাপনের বিষয়ে উদ্যোগ গ্রহণ এবং রিইন্টিগ্রেশন কার্যক্রম সাসটেইনেবল হয়না। রিইন্টিগ্রেশন কার্যক্রমকে সাসটেইনেবল করার লক্ষ্যে একটি মেকানিজম প্রণয়ন করা প্রয়োজন। |
| ৫. | বাংলাদেশ নারী শ্রমিক কেন্দ্র (বিএনএসকে) | উক্ত আলোচনায় উপস্থিত অন্যান্য স্টেকহোল্ডারদের মতামতের সাথে বিএনএসকে একমত পোষণ করেন। তিনি তাঁর আলোচনায় বিদেশ হতে নির্যাতিত ফেরত মহিলা কর্মীদের সামাজিকভাবে প্রতিষ্ঠার ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। বিশেষ করে তাঁদের সন্তানরা যাতে সামাজিকভাবে প্রতিষ্ঠা পেতে পারে সে বিষয়ে উদ্যোগ গ্রহণের সুপারিশ করেন। |

| | | |
|---|---|---|
| ৬. | আওয়াজ ফাইন্ডেশন | আওয়াজ ফাউন্ডেশনের প্রতিনিধি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবার মধ্যে প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি, বীমা ও প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের “প্রতিবন্ধী ভাতা” চালুকরা এবং প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে নির্যাতিত ফেরত মহিলা কর্মীদের সেবা ও আর্থিক অনুদান প্রদানের বিষয়ে ভূয়সী প্রসংশা করেন। তবে তিনি অসুস্থ ফেরত কর্মীদের ক্ষেত্রে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে এককালীন ১ (এক) লক্ষ টাকা চিকিৎসা সহায়তা প্রদানের ক্ষেত্রে সময় নির্ধারণের বিষয়টি শিথিলকরণের জন্য মতামত প্রদান করেন। |
| ৭. | ইউএন উইমেন | ইউএন উইমেন এর প্রতিনিধি তাঁর আলোচনায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রমের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। এছাড়া বিদেশগামী মহিলা কর্মীদের সন্তানদের সুশিক্ষার বিষয়ে আরো নতুন ধরণের সেবা কার্যক্রম বৃদ্ধির বিষয়ে অভিমত ব্যক্ত করেন। |
| ৮. | বাংলাদেশ অভিবাসী অধিকার ফোরাম **(BOAF)** | বাংলাদেশ অভিবাসী অধিকার ফোরামের প্রতিনিধি তাঁর আলোচনায় বিদেশগামী কর্মীদের ব্রিফিং এর ক্ষেত্রে টিটিসিগুলোকে আরো সক্রিয় ভূমিকা পালনের বিষয়ে অভিমত ব্যাক্ত করেন। তিনি বলেন যখন টিটিসিগুলোতে বিদেশগামী কর্মীদের ট্রেনিং দেয়া হয় তখন সংশ্লিষ্ট দেশের ভাষা ও আইন-কানুন এর বিষয়ে সম্যক ধারণা প্রদানের জন্য অনুরোধ জানান। |
| ৯. | পরিচালক (অর্থ ও কল্যাণ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | সকল স্টেক হোল্ডাদের মতামত ব্যক্তকরণের পর পরিচালক (অর্থ ও কল্যাণ) তাঁদের সকলের অবগতির জন্য জানান যে, স্টেকহোল্ডারদের অভিমত ও প্রবাসীদের সার্বিক কল্যাণ সুনিশ্চিত করার জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ইতোমধ্যে বোর্ডের সকল সেবার বিষয়ে প্রচারনা কার্যক্রম শুরু করেছে এবং বিশ্ব ব্যাংকের সহযোগীতায় ৩০টি জেলা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ৩০টি অফিস খোলার কার্যক্রম পক্রিয়াধীন। বিদেশ হতে নির্যাতিত ফেরত মহিলা কর্মীদের পূর্ণবাসন এর জন্য একটি পাইলট প্রোগ্রাম বোর্ড গ্রহণ করেছে এছাড়াও প্রবাসী কর্মীদের সেবা আরো দ্রুত ও সহজিকরণের জন্য বোর্ড প্রতিনিয়ত নতুন নতুন কার্যক্রম গ্রহণের বিষয়ে সচেষ্ট রয়েছে। |

৩.০ আর কোনো আলোচ্যসূচি না থাকায় মহা-পরিচালক মহোদয়ের অনুমতিক্রমে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২২.১২.২০২০

(নুর্ধুন আখতার)
যুগ্ম সচিব
পরিচালক (আইআরপি)
ও সভাপতি
অংশীজনের অংশগ্রহনে কর্মশালা।